

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৬

কাঞ্চনপুর, ১৪ এপ্রিল, ২০২৫

নেশার হাত থেকে যুব সমাজকে রক্ষা করার জন্যে
সংস্কৃতি হচ্ছে একটি বড় হাতিয়ার : সমবায় মন্ত্রী

যুব সমাজকে নেশার কড়াল গ্রাস থেকে রক্ষা করতে হবে। শুধু রাজ্য সরকারের একাধিক পক্ষে এই কাজ করা সম্ভব নয়। এজন্য সমাজের সব অংশের মানুষকে এগিয়ে আসতে হবে। গতকাল কাঞ্চনপুর মহকুমার রতনমুনি আশ্রম স্কুল মাঠে রু সোসিও অর্গানাইজেশনের উদ্যোগে রাজ্যভিত্তিক বৈসু উৎসবের উদ্বোধন করে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া একথা বলেন। তিনি বলেন, নেশার হাত থেকে যুব সমাজকে রক্ষা করার জন্যে সংস্কৃতি হচ্ছে একটি বড় হাতিয়ার। রাজ্যের বর্তমান সরকার রাজ্যের বিভিন্ন জাতি গোষ্ঠীর সংস্কৃতি ও ঐতিহ্যকে রক্ষা করার জন্যে কাজ করে চলেছে। সংস্কৃতি একটি জাতি গোষ্ঠীর পরিচয় বহন করে। তাই কোন জাতি গোষ্ঠীর সংস্কৃতিকেই হারিয়ে যেতে দেওয়া হবে না। এ কাজে সংস্কৃতি প্রেমী জনগণকে তাদের সাহায্যের হাত বাড়িয়ে দিতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক ফিলীপ কুমার রিয়াং বলেন, সমাজের সর্বত্র আধুনিকতার ছোঁয়া লাগলেও আমাদের চিরাচরিত সংস্কৃতিকে হারিয়ে যেতে দেওয়া যাবে না। সংস্কৃতিকে আঁকড়ে ধরে সমস্ত অপসংস্কৃতির বিরুদ্ধে লড়াই করতে হবে।

অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, এডিসি'র কার্যনির্বাহী সদস্য ভবরঞ্জন রিয়াং, কার্যনির্বাহী সদস্যা ডলি রিয়াং, এমডিসি শৈলেন্দ্র নাথ, এমডিসি ভূমিকানন্দ রিয়াং, প্রাক্তন মন্ত্রী প্রেমকুমার রিয়াং প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রু সোসিও অর্গানাইজেশনের সভাপতি শান্তিরাই রিয়াং। সভাপতিত্ব করেন উড়িছড়া রিয়াং সমাজ পাড়ার চৌধুরী রাজেন্দ্র রিয়াং। অনুষ্ঠানে জনজাতিদের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।
